AP-2

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
তদন্ত ও শৃঙ্খলা শাখা
মিরপুর-২, ঢাকা- ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং : ৩৮.০১.০০০০.৩০০.২৭.০১৯.১৮- ৬৪২

তারিখঃ ০৭/৯/ ১৪২৬।
২৪/১২/ ২০১৯।

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব ফনিভূষণ বর্মন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, ডোমার, নীলফামারী-এর বিরুদ্ধে গত ১০/০৬/২০১৩ তারিখ থেকে কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (বি) ও ৩ (ডি) উপবিধি অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে ০৪/০৪/২০১৮ তারিখে বিভাগীয় মামলা (বিমা-১১/১৮/২০৩) রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়।

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা লিখিত জবাব দাখিল না করায় বিভাগীয় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন।

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন এবং বিভাগীয় মামলার প্রাসংঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অসদাচরণ ও ডিজারশনের (Desertion) অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হলেও প্রকৃতপক্ষে তিনি শারিরীক অসুস্থতাজনিত কারণে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এবং বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা এবং তার ০৭/১১/২০১৯ তারিখের অক্ষমতাজনিত অবসরের আবেদন ও মানবিক দিক বিবেচনায় (ছুটি প্রাপ্তি সাপেক্ষে সমন্বয় পূর্বক) তার অনুপস্থিতকাল ১০/০৬/২০১৩ থেকে ০৬/১১/২০১৯ তারিখ পর্যন্ত বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুরপূর্বক তাকে বিভাগীয় মামলার দায় থেকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭ (২)(এ) [বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৭ (২) (ক)] উপবিধি মোতাবেক জনাব ফনিভূষণ বর্মন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, ডোমার, নীলফামারী-কে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো। (ছুটি প্রাপ্তি সাপেক্ষে সমন্বয় পূর্বক) তার অনুপস্থিতকাল ১০/০৬/২০১৩ থেকে ০৬/১১/২০১৯ তারিখ পর্যন্ত বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৪.১২.২০১৯

ড. এ এফ এম মনজুর কাদির
মহাপরিচালক

স্মারক নং : ৩৮.০১.০০০০.৩০০.২৭.০১৯.১৮- ৬৪২/১৬

তারিখঃ ০৭/৯/ ১৪২৬।
২৪/১২/ ২০১৯।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. উপপরিচালক (তঃ ও শৃঃ/প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর।
৭. সিস্টেম ম্যানেজার, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৮. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নীলফামারী।
৯. উপজেলা শিক্ষা অফিসার, ডোমার, নীলফামারী।
১০. উপজেলা হিসাব রক্ষণ অফিসার, ডোমার, নীলফামারী।
১১. জনাব ফনিভূষণ বর্মন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, ডোমার, নীলফামারী।
১২. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. সংরক্ষণ নথি।

সৈয়দা মাহফুজা বেগম
সহকারী পরিচালক (তঃ ও শৃঃ)

E:\Bashar\Proggapon.doc

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
পরিচালক (আইএমডি) এর দপ্তর
তারিখ ঃ
সিনিয়র সিস্টেম এনালিস্ট
সিনিয়র সিস্টেম এনালিস্ট (চঃ দাঃ) 174
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার-১
মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার
প্রোগ্রামার-২
সহঃ প্রোগ্রামার-১
সহঃ প্রোগ্রামার-২
সহঃ মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার-১
সহঃ মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার-২
পরিচালক (আইএমডি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
তদন্ত ও শৃঙ্খলা শাখা
সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬

## অফিস আদেশ

যেহেতু, জনাব মো: মনোয়ার হোসেন, হিসাব সহকারী, উপজেলা শিক্ষা অফিস, খোকসা, কুষ্টিয়া-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় দোষী প্রমাণিত হওয়ায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ১৩/১২/২০১৮খ্রি: তারিখের ৩৮.০১.০০০০.৩০০.২৭.০৪৭.১৭-৭৪৮/১নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর ৪ (২) (বি) উপবিধি মোতাবেক তাঁর ০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত রাখার লঘুদন্ড প্রদান করা হয় যা অক্রমবর্ধিষ্ণু (Noncumulative) হবে; এবং

যেহেতু, জনাব মো: মনোয়ার হোসেন উক্ত শাস্তির বিরুদ্ধে আপীলেট কর্তৃপক্ষের নিকট নির্ধারিত সময়ের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আপীল আবেদন দাখিল করেন; এবং

যেহেতু, রুজুকৃত বিভাগীয় মামলার রেকর্ডপত্র এবং আপীল আবেদন পর্যালোচনায় দেখা যায় জনাব মো: মনোয়ার হোসেন কে প্রদত্ত শাস্তি যথাযথ হয়েছে;

সেহেতু, জনাব মো: মনোয়ার হোসেন, হিসাব সহকারী, উপজেলা শিক্ষা অফিস, খোকসা, কুষ্টিয়া-এর আপীল আবেদন না মঞ্জুরপূর্বক ১৩/১২/২০১৮খ্রি: তারিখের ৩৮.০১.০০০০.৩০০.২৭.০৪৭.১৭-৭৪৮/১নং স্মারক মোতাবেক প্রদত্ত শাস্তি বহাল রাখা হলো।

২৪.১২.২০১৯

ড. এ এফ এম মনজুর কাদির
মহাপরিচালক

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.০৪৭.২০১৮- ৬৪৩/৭

তারিখ: ০৯/০৯/১৪২৬
২৪/১২/২০১৯

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

১. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. উপপরিচালক (তদন্ত ও শৃঙ্খলা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।
৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
৬. উপজেলা শিক্ষা অফিসার, খোকসা, কুষ্টিয়া (সংশ্লিষ্ট কর্মচারীর চাকুরী বহিতে আদেশটি লিপিবদ্ধ করার জন্য অনুরোধ করা হলো)।
৭. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, খোকসা, কুষ্টিয়া।
৮. জনাব মো: মনোয়ার হোসেন, হিসাব সহকারী, উপজেলা শিক্ষা অফিস, খোকসা, কুষ্টিয়া
৯. সংরক্ষণ নথি।

২৪/১২/১৯

(সৈয়দা মাহফুজা বেগম)
সহকারী পরিচালক
তদন্ত ও শৃঙ্খলা শাখা
ফোন: ৫৫০৭৪৮৮০